দৈনিক ইত্তেফাক

তারিখ 26 OCT 1995
পৃষ্ঠা ১২ কলাম ৬

131

# সরকারী প্রাথমিক শিক্ষক সমিতির ৯ দফা পূরণের দাবী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল (বুধবার) স্থানীয় একটি রেস্তোরাঁয় এক সাংবাদিক সম্মেলনে আগামী ৭ই নভেম্বরের পূর্বে সমিতির ৯ দফা দাবী মানিয়া নেওয়ার জন্য সরকারের নিকট দাবী জানাইয়াছে। অন্যথায় ৭ই নভেম্বর জাতীয় প্রেসক্লাবের সম্মুখে শিক্ষক মহাসাবেশের মাধ্যমে বৃহত্তর আন্দোলনের কর্মসূচী ঘোষণা করা হইবে বলিয়া উল্লেখ করা হয়। দাবীসমূহের মধ্যে রহিয়াছে: প্রচলিত প্রাথমিক শিক্ষক নিয়োগ বিধি বাতিল, সম্মানজনক বেতন স্কেল চালু, সরকারী প্রাথমিক শিক্ষকদের গৃহনির্মাণ ঋণের ব্যবস্থা ইত্যাদি। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন শিক্ষক সমিতির মহাসম্পাদক মুহাঃ আঃ আউয়াল তালুকদার। উপস্থিত ছিলেন সভাপতি মোঃ নুরুজ্জামান, মফিজুল ইসলাম প্রমুখ। সাংবাদিক সম্মেলনে শিক্ষক নেতা আবুল কালাম আজাদকে সমিতির 'নেতৃত্ব পদে' অবাঞ্ছিত ঘোষণা করিয়া বলা হয়, সরকার শিক্ষকদের ঐক্য বানচাল ও বাধাগ্রস্ত করার হীন প্রচেষ্টা হিসাবে তাহাকে মাঠে নামাইয়াছে।